# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৯

তারিখঃ ৩০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ আগষ্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫৫ তম কমিশন সভা অদ্য ১৪/০৮/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এডিএন টেলিকম লিমিটেড -কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৫৭ (সাতান্ন) কোটি টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ ভৌত কাঠামো উন্নয়ন (BMRE for infrastructure development), ডাটা সেন্টার স্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (NAV) টাকা ১৬.১৩ এবং বেসিক শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৫২ ও সমন্বিত (অ্যাডজাস্টেড) শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৩৬। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ১.৮১। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।

২. ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ এর সাথে সম্পৃক্ত নিম্নলিখিত ব্যক্তিবর্গ কোম্পানীর মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশের পূর্বে এবং নিষিদ্ধ সময়ের মধ্যে (Prohibited Period) উক্ত কোম্পানী শেয়ার ক্রয় বিক্রয় করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১)(২) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় সম্পৃক্ত ব্যক্তিবর্গকে নিম্নবর্ণিত হারে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

ক) জনাব ওয়াহিদুজ্জামান খান, ডিজিএম, ঢাকা নর্দান পাওয়ার জেনারেশন লিঃ (ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ এর সাবসিডিয়ারী) -কে ১০ (দশ) লক্ষ টাকা;

খ) জনাবা চৌধুরী ফারাহ নাজ সামিয়া (জনাব মোস্তফা ময়িন, পরিচালক, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ এর স্ত্রী) -কে ১০ (দশ) লক্ষ টাকা;

গ) জনাব আফরোজ আলম, সিএফও, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা;

ঘ) জনাব মাহতাব বিন আহমেদ, স্বতন্ত্র পরিচালক, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা;

ঙ) জনাব মাসুদুর রহমান ভূইয়া, সহকারী মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা;

চ) জনাব ইকবাল হোসেন, মহাব্যবস্থাপক, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা; এবং

ছ) জনাব মোহাম্মদ ফজলে এলাহি খান, সিনিয়র মহাব্যবস্থাপক, ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা।

এছাড়াও ডোরিন পাওয়ার জেনারেশন অ্যান্ড সিস্টেমস্ লিঃ এর শেয়ারের বিধি বহির্ভূত লেনদেন এর মাধ্যমে নিম্নলিখিত বিনিয়োগকারীগণ Securities and Exchange Ordinance, 1969 এর কতিপয় বিধান ভঙ্গ করেছেঃ

ক) জনাব বিশ্বজিত দাস ও এসোসিয়েটস;

খ) জনাব ইয়াকুব আলী খন্দকার ও এসোসিয়েটস;

গ) ইফাদ গ্রুপ;

ঘ) জনাব মোঃ ফজলুর রহমান জামালী;

ঙ) প্রাইম ইসলামী সিকিউরিটিজ লিঃ;
চ) জনাব আনিস উদ্দীন; এবং
ছ) জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য উপরে বর্ণিত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কমিশন সতর্ক করারও সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ (ইস্যুয়ার) তাদের জুন ৩০, ২০১৫ ও জুন ৩০, ২০১৬ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, সেপ্টেম্বর ৩০, ২০১৬ এর প্রথম প্রান্তিকের হিসাব বিবরণী, ডিসেম্বর ৩১, ২০১৬ এর অর্ধবার্ষিক হিসাব বিবরণী এবং মার্চ ৩১, ২০১৬ ও মার্চ ৩১, ২০১৭ তারিখে তৃতীয় প্রান্তিকের হিসাব বিবরণী কমিশনে যথা সময়ে দাখিল না করায় Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) এবং কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2008-183/Admin/03-31 তারিখ September 27, 2009 ভঙ্গ করেছে। উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ (ইস্যুয়ার) -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. ডাইনামিক সিকিউরিটিজ কনসালটেন্টস লিঃ (DSE TREC # 126) তাদের সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এ তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সেকশন ১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় ডাইনামিক সিকিউরিটিজ কনসালটেন্টস লিঃ -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৪/০৮/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।